



বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
অডিট বিভাগ
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯।
www.caab.gov.bd

নম্বর: ৩০.৩১.০০০০.০০০.৩১১.০৫.০০০১.২৪.১৫

তারিখ: ২৭ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ
১১ সেপ্টেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ


পরিপত্র

বিষয়: অভ্যন্তরীণ নিরীক্ষা পরিকল্পনা ২০২৫-২০২৬

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের ২০২৫-২০২৬ অর্থবছরের অভ্যন্তরীণ নিরীক্ষা পরিকল্পনা কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়েছে। অনুমোদিত কর্মপরিকল্পনা নিম্নরূপ:

ক্রমিক নম্বর	অভ্যন্তরীণ নিরীক্ষার বিষয়সমূহ
১.	হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর এর ক্লিনিং কাজসহ অন্যান্য ফ্যাসিলিটেশন কার্যক্রম এর উপর অভ্যন্তরীণ নিরীক্ষা;
২.	বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের সংস্থাপন এর উপর অভ্যন্তরীণ নিরীক্ষা (ক্ষেত্র: সাংগঠনিক কাঠামো ও জনবল);
৩.	সিভিল এভিয়েশন একাডেমি এর ২০১৭-২০১৮ থেকে ২০২৪-২০২৫ অর্থ বছরের ব্যয়/ পরিশোধ/ অর্থ উত্তোলন এবং আয়/ প্রাপ্তি/ ব্যাংকে জমা সংক্রান্ত কার্যক্রমের যথার্থতা ও যথাযথ হিসাবভুক্তিসহ সংশ্লিষ্ট অন্যান্য কার্যক্রমের উপর অভ্যন্তরীণ নিরীক্ষা;
৪.	হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর এর ২০২০-২০২১ থেকে ২০২৪-২০২৫ অর্থ বছরের ব্যয়/ পরিশোধ/ অর্থ উত্তোলন সংক্রান্ত কার্যক্রমের যথার্থতা ও যথাযথ হিসাবভুক্তিসহ সংশ্লিষ্ট অন্যান্য কার্যক্রমের উপর অভ্যন্তরীণ নিরীক্ষা;
৫.	বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের ভূ-সম্পত্তিসহ অন্যান্য স্থায়ী সম্পত্তি ব্যবস্থাপনার উপর অভ্যন্তরীণ নিরীক্ষা;
৬.	শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দর, চট্টগ্রাম এর ২০২২-২০২৩ থেকে ২০২৪-২০২৫ অর্থ বছরের ব্যয়/ পরিশোধ/ অর্থ উত্তোলন সংক্রান্ত কার্যক্রমের যথার্থতা ও যথাযথ হিসাবভুক্তিসহ সংশ্লিষ্ট অন্যান্য কার্যক্রমের উপর অভ্যন্তরীণ নিরীক্ষা;
৭.	হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা এবং শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দর, চট্টগ্রাম কর্তৃক বিভিন্ন এয়ারলাইন্স থেকে ডলারে প্রদর্শিত বিলের বকেয়া (২০২০-২০২১ থেকে ২০২৪-২০২৫ অর্থ বছর) আদায় কার্যক্রমের উপর অভ্যন্তরীণ নিরীক্ষা;
৮.	বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের কর্মচারী কল্যাণ তহবিলের সার্বিক কার্যক্রমের উপর অভ্যন্তরীণ নিরীক্ষা;
৯.	সদর দপ্তর এর ২০২০-২০২১ থেকে ২০২৪-২০২৫ অর্থ বছরের ব্যয়/ পরিশোধ/ অর্থ উত্তোলন এবং আয়/ প্রাপ্তি/ ব্যাংকে জমা সংক্রান্ত কার্যক্রমের যথার্থতা ও যথাযথ হিসাবভুক্তিসহ সংশ্লিষ্ট অন্যান্য কার্যক্রমের উপর অভ্যন্তরীণ নিরীক্ষা;
১০.	কর্তৃপক্ষের বিদ্যমান আবাসিক ভবনসমূহের নির্মাণ, এগুলোর সার্বিক মেরামত ও রক্ষণাবেক্ষণ এবং নতুন ভবন নির্মাণ কার্যক্রম, পদ্ধতি ও ব্যবস্থাপনার উপর বিশ্লেষণমূলক অভ্যন্তরীণ নিরীক্ষা (ক্ষেত্র: ঢাকা); এবং
১১.	অনির্ধারিত রিপোর্টিং: বর্ণিত অভ্যন্তরীণ নিরীক্ষার বিষয়সমূহ ছাড়াও অভ্যন্তরীণ নিরীক্ষকগণ কর্তৃপক্ষের আওতাভুক্ত কোন কার্যক্রম তাৎক্ষণিক যাচাই/ পর্যালোচনা এর প্রয়োজনীয়তা অনুভব করলে অভ্যন্তরীণ নিরীক্ষা বাস্তবায়ন সম্পর্কিত কোন প্রকার বিজ্ঞপ্তি জারী ছাড়াই যাচাই/ পর্যালোচনা করবেন এবং এ সম্পর্কিত প্রতিবেদন দাখিল করবেন।

২। এমতাবস্থায়, ২০২৫-২০২৬ অর্থবছরের অভ্যন্তরীণ নিরীক্ষা পরিকল্পনা সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।



১১-০৯-২০২৫
মোহাম্মদ নূরুল ইসলাম
পরিচালক (অডিট)

বিতরণ (মাধ্যম: ডি-নথি/ ওয়েবসাইট/ সরাসরি):

- ১। সদস্য (সকল)/ প্রধান প্রকৌশলী, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।
- ২। নির্বাহী পরিচালক (সকল), বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।
- ৩। পরিচালক/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।
- ৪। সিনিয়র সিস্টেমস এনালিস্ট, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৫। বিমানবন্দর ব্যবস্থাপক (সকল), বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।
- ৬। পিএস টু চেয়ারম্যান, চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।
- ৭। অভ্যন্তরীণ নিরীক্ষক (সকল), অডিট বিভাগ, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।
- ৮। সকল কর্মচারী, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।

